55

দৈনিক সংবাদ

তারিখ 21 SEP 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

# পলিটেকনিক ছাত্রাবাস থেকে অস্ত্র উদ্ধার ছাত্রলীগের নেতা-কর্মীসহ গ্রেফতার ১৬

নিজস্ব বার্তা পরিবেশক ।। গতকাল শুক্রবার ভোরে গোয়েন্দা শাখা ও তেজগাঁ থানা যৌথভাবে তেজগাঁ পলিটেকনিক্যাল ইনস্টিটিউটের লতিফ ছাত্রাবাসে অভিযান চালিয়ে অস্ত্র, গুলি, বোমা তৈরির বিপুল পরিমাণ সরঞ্জাম উদ্ধার করেছে। ১০ জন বহিরাগত সন্ত্রাসীসহ ১৬ জনকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃতদের মধ্যে ছাত্রলীগের কয়েকন নেতা ও কর্মী রয়েছে। এদের অনেকেই বিএনপি শাসনামলে ছাত্রদলের সক্রিয় সদস্য ছিল। আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর দল বদলে ছাত্রলীগের সঙ্গে সম্পৃক্ত হয়।

জানা গেছে, বিপুল সংখ্যক পুলিশ ভোর ৫টার দিকে ছাত্রাবাসটি ঘেরাও দেয়। তারপর শুরু হয় পুলিশের তল্লাশি অভিযান। উদ্ধারকৃত অস্ত্রশস্ত্রের মধ্যে রয়েছে ১টি বিদেশী কাটা বন্দুক, ২ রাউন্ড গুলি ও বোমা তৈরির বিপুল পরিমাণ সরঞ্জাম। গ্রেফতারকৃতরা হচ্ছে মোঃ খায়রুল, ইসতিখারউদ্দীন, শরিফুল ইসলাম, হারুন আল কাইয়ুম, নাইমুল হক খান, আলী আকমল, মাহফুজুর রহমান, মোস্তাফিজুর রহমান, ওয়াহেদুজ্জামান, নজরুল ইসলাম, জসীমউদ্দীন, বাদল, প্রিয়রঞ্জন দাস, মোঃ নাজমুল বাশার উল্লাহ ও নোমান। শেষের ১০ জন বহিরাগত। ওই ১০ জনের বিরুদ্ধে চাঁদাবাজি, সন্ত্রাসসহ বিভিন্ন ধরনের অভিযোগ আছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে তেজগাঁ থানায় মামলা দায়ের করা হয়েছে।